

আইআইইউসিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উদযাপন

আইআইইউসিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উদযাপন উপলক্ষে কেন্দ্রীয় মসজিদে খতমে কোরআন ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। পরে কনফারেন্স হলে এক আলোচনা সভা উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে অতিথি ছিলেন ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরী, বিওটি সদস্য ড. মো. শামসুজ্জামান। উপাচার্য বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গপরিষ্কার। ডিজিটাল বাংলাদেশের রূপকার শেখ হাসিনার হাত ধরে দেশ আজ স্মার্ট বাংলাদেশ হওয়ার পথে এগিয়ে যাচ্ছে। তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘায়ু ও উত্তরোত্তর সাফল্য কামনা করেন। সম্মানিত অতিথি রিজিয়া রেজা চৌধুরী বলেন, বাংলাদেশের উন্নয়নের অগ্রযাত্রায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবদান দেশের ইতিহাসের পাতায় স্বর্ণাক্ষরে লেখা থাকবে। বক্তব্য রাখেন ড. সামীমুল হক চৌধুরী। প্রফেসর মো. ছরওয়ার আলমের সঞ্চালনায় সভায় উপস্থিত ছিলেন প্রফেসর ড. জাহেদ হোসেন সিকদার, প্রফেসর ড. মুহাম্মদ মোস্তফা কামিল মাদানী, রেজিস্ট্রার আ ফ ম আক্তারুজ্জামান কায়সার, প্রফেসর মো. ইফতেখার উদ্দিন, প্রফেসর ড. মাহি উদ্দিন প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি।



প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে সভায় বক্তব্য রাখছেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ